# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিএসইসি/এনফোর্সমেন্ট/৩২৯১/২০২২/১২১৩ তারিখ: সেপ্টেম্বর ১৮, ২০২২

ব্লুমিন্যান্স এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড
৫০, পুরাতন এয়ারপোর্ট রোড (৩য় তলা)
তেঁজগাও পুলিশ স্টেশন এর পাশে
ফার্মগেট, ঢাকা-১২১৫

বিষয়: আদেশ।

কমিশনের **সেপ্টেম্বর ১৮, ২০২২** ইং তারিখের আদেশ নং- **বিএসইসি/এনফোর্সমেন্ট/৩২৯১/২০২২/১২১২** এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্‌সংগে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মাহমুদা শিরীন
১৮.০৯.২২
মাহমুদা শিরীন
যুগ্ম-পরিচালক

<u>বিতরনঃ</u>

১। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি
২। নির্বাহী পরিচালক, এসআরআই, বিএসইসি
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিএসইসি/এনফোর্সমেন্ট/৩২৯১/২০২২/১২১২ তারিখ: সেপ্টেম্বর ১৮, ২০২২

## আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(cc) মোতাবেক "Commission" অর্থ Bangladesh Securities and Exchange Commission যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, Bloominance Asset Management Company Limited সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ধারা ২৮(২) অনুযায়ী asset management সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য registration certificate গ্রহণ করেছে;

যেহেতু, কমিশন এর আদেশ নং BSEC/SRI/INS/2022/1313 তারিখ January 13, 2022 পরিপালনের লক্ষ্যে কমিশন কর্তৃক গঠিত পরিদর্শন কমিটি Bloominance Asset Management Company Limited এর books of accounts, records and documents সংক্রান্ত বিষয়ে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ধারা ৭৫-৭৯ অনুযায়ী পরিদর্শন কার্যক্রম পরিচালিত করে এবং এতদসংক্রান্ত একটি প্রতিবেদন কমিশনে ফেব্রুয়ারী ২৩, ২০২২ ইং তারিখে দাখিল করে। উক্ত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন থেকে অন্যান্যের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি উপস্থাপিত হয়:

### I. Comparative Financial Position of the Bloominance Asset Management Company from Audited Financial Report:

A snapshot of the last three years financial position of Bloominance Asset Management Company is presented below:

| Particulars | 2021 | 2020 | 2019 |
|---|---|---|---|
| **Non-Current Assets:** | | | |
| Property, plant & equipment | 2,099,298 | 2,719,635 | 3,520,267 |
| Investment in shares | 4,507,091 | 3,112,078 | 3,112,078 |
| **Total Non-Current Assets** | **6,606,389** | **5,831,713** | **6,632,345** |
| **Current Assets:** | | | |
| Cash and cash equivalents | 27,492,942 | 31,444,598 | 34,007,061 |

ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

| | | | |
|---|---|---|---|
| Advanced deposits and prepayments | 840,000 | 840,000 | 840,000 |
| **Total Current Assets** | **28,332,942** | **32,284,598** | **34,847;061** |
| **Total Assets** | **34,939,331** | **38,116,311** | **41,479,406** |
| **Equity and Liabilities:** | | | |
| Share capital | 50,000,000 | 50,000,000 | 50,000,000 |
| Retained earnings | (15,090,669) | (11,913,689) | (8,550,594) |
| Liability for expenses | 30,000 | 30,000 | 30,000 |
| **Total Equity and Liabilities** | **34,939,331** | **38,116,311** | **41,479,406** |
| - | - | - | |
| **Comparative Income Position**: | | | |
| **Particulars** | **2021** | **2020** | **2019** |
| **Total Income:** | | | |
| **Total Expenses** | | | |
| Operating and other expenses | 811,980 | 998,095 | 1,082,712 |
| Employee Benefits expenses | 2,365,000 | 2,365,000 | 2,838,000 |

**Observations on Financial Position:**

Financial position of the said AMC seems very weak for following reasons:

-Total Asset is declining;

-Continuous erosion of paid-up capital; and

-There is no income generating activities

বিধি ২৭(১) of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ states that

'২৭। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।- (১) কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি- ১ [(ক) উহার অন্যূন ৫ (পাঁচ) কোটি টাকা পরিশোধিত মূলধন না থাকেঃ তবে শর্ত থাকে যে, ইতোমধ্যে নিবন্ধনপ্রাপ্ত কোন সম্পদ ব্যবস্থাপকের যদি উক্ত পরিমাণ পরিশোধিত মূলধন না থাকে তাহা হইলে এই শর্ত কার্যকর হইবার ১ (এক) বছরের মধ্যে উহা সংগ্রহ করিতে হইবেঃ আরও শর্ত থাকে যে, নিবন্ধন প্রাপ্তির পর কোন সম্পদ ব্যবস্থাপকের নীট সম্পদ

(net-worth) যদি কখনও পরিশোধিত মূলধন এর ১০ (দশ) শতাংশ বা উহার অধিক পরিমাণ হ্রাস পায় সেই ক্ষেত্রে উক্ত হ্রাসকৃত অংক তৎপরবর্তী অর্থ বছরের মূলধন বৃদ্ধির মাধ্যমে পূরণ করিতে হইবে।]'

**Contravention:** Bloominance Asset Management Company Limited has violated বিধি ২৭(১) of সিকিউরিটিজ ও এক্সচেন্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ by not maintaining the required paid-up capital.

**II. Submission of reports as per securities laws:** During the inspection, the inspecting officers observed that Bloominance Asset Management Company Limited did not submit its audited financial reports. Also it did not submit any quarterly, semi-annual and annual operational activities report to the Commission.

বিধি ৩৩(৩) and ৩৩(৪) of সিকিউরিটিজ ও এক্সচেন্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ states that

৩৩। সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায়-দায়িত্ব।- ...

(৩) সম্পদ ব্যবস্থাপক উহার প্রতিটি হিসাব বৎসরের নিরীক্ষিত হিসাব, হিসাব বৎসর শেষ হইবার তিন মাসের মধ্যে, কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীর নিকট দাখিল করিবে।

(৪) সম্পদ ব্যবস্থাপক উহার কার্যক্রম সম্পর্কে প্রতি বৎসর ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর এবং ৩১ ডিসেম্বর তারিখের পরবর্তী পনের দিনের মধ্যে কমিশন ও ট্রাস্টির নিকট ত্রৈমাসিক প্রতিবেদন পেশ করিবে।

**Contravention:** Bloominance Asset Management Company Limited has violated বিধি ৩৩(৩) and ৩৩(৪) of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ by not submitting audited financial statements, quarterly report.

যেহেতু, কমিশন উপরিউল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য Bloominance Asset Management Company Limited এর বরাবরে একটি শুনানি নোটিশ নং: বিএসইসি/এনফোর্সমেন্ট/৩২৯১/২০২২/৫৪১ তারিখ এপ্রিল ০৪, ২০২২ ইং প্রেরণ করে এবং এপ্রিল ২১, ২০২২ ইং তারিখে শুনানীর দিন ধার্য করে এবং ধার্যকৃত তারিখে Bloominance Asset Management Company Limited এপ্রিল ২১, ২০২২ ইং তারিখের পত্রের মাধ্যমে নিম্নলিখিত বক্তব্য দাখিল করে। যাতে অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ রয়েছে;

১. "…..বিধি ২৭(১)(ক) of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ :

Despite our desire for the last pandemic, we have not been able to meet our paid up capital. We had a variety of activities suspended for pandamic. As a result, we have borne additional costs from our paid-up capital. We will try to fulfill the conditions of this paid up

within next financial year. So, we are seeking your cooperation so that we can fulfill the conditions of paid- up capital.

২. বিধি ৩৩(৩) of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ :

We were not aware of these rules, so from next time we will submit the financial report at the right time.

৩. বিধি ৩৩(৪) of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ :

We were not aware of these rules, will follow the three-month framework and will submit the report at the right time."

যেহেতু, উল্লিখিত বিষয়ে শুনানীর পর কমিশন Bloominance Asset Management Company Limited-কে আগামী আগষ্ট, ২০২২ এর মধ্যে paid-up capital Taka 5,00,00,000 - তে উন্নীত করার জন্য নির্দেশ প্রদান করে এবং উক্ত সময়ের মধ্যে নির্দেশনা পরিপালনে ব্যর্থ হলে ৫ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্তও গ্রহণ করে ;

যেহেতু, কমিশনের সিদ্ধান্ত Bloominance Asset Management Company Limited-কে পত্র নং: বিএসইসি/এনফোর্সমেন্ট/৩২৯১/২০২২/৮৫৫ তারিখ জুন ১৪, ২০২২ এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়। পরবর্তীতে আগষ্ট ২৩, ২০২২ এ Bloominance Asset Management Company Limited তাদের paid-up capital উক্ত সময়ের মধ্যে Taka 5,00,00,000 - তে উন্নীত করতে ব্যর্থতার কারণে জরিমানা মওকুফ করার জন্য কমিশনে আবেদন করে, যা গ্রহণযোগ্য বলে বিবেচিত নয় ;

যেহেতু, Bloominance Asset Management Company Limited এর উক্তরূপ ব্যর্থতা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা, স্বচ্ছতা তথা জনস্বার্থে Bloominance Asset Management Company Limited কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ এ প্রদত্ত ক্ষমতাবলে Bloominance Asset Management Company Limited কে ০৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ডে দন্ডিত করলো যা অত্র আদেশের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের
আদেশক্রমে,

২৭/০৭/২০২২

মোঃ আবদুল হালিম
কমিশনার

বিতরণঃ

**Bloominance Asset Management Company Limited**
50, Old Airport Road (2nd Floor)
Beside Tejgaon Police Station
Farmgate, Dhaka-1215